

বিদ্যুৎ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের উল্লিখিত অর্জনসমূহ

- (০১) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। বিদ্যুৎ গ্রাহক সংখ্যা ২ কোটি ৫৯ লক্ষ হতে বৃদ্ধি পেয়ে ২০১৭-১৮ অর্থ-বছরে ৩ কোটি ০৩ লক্ষে উন্নীত হয়েছে; অর্থাৎ ৪৪ লক্ষ নতুন গ্রাহক প্রতিবেদনাধীন অর্থ-বছরে বিদ্যুৎ সংযোগ পেয়েছে।
- (০২) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ৮০ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৭-১৮ অর্থ-বছরে শতকরা ৯০ ভাগে উন্নীত হয়েছে ; অর্থাৎ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ১০ ভাগ বৃদ্ধি পেয়েছে।
- (০৩) ২০১৭-১৮ অর্থ-বছরে বিদ্যুতের সামগ্রিক সিস্টেম লস ১২.১৯ শতাংশ হতে ০.৩২ শতাংশ হ্রাস পেয়ে ১১.৮৭ শতাংশে পৌঁছেছে।
- (০৪) মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪৩৩ কিলোওয়াট ঘন্টা হতে বৃদ্ধি পেয়ে ২০১৭-১৮ অর্থ-বছরে ৪৬৪ কিলোওয়াট ঘন্টায় উন্নীত হয়েছে ; অর্থাৎ মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৩১ কিলোওয়াট ঘন্টা বৃদ্ধি পেয়েছে।
- (০৫) ২০১৭-১৮ অর্থ-বছরে সর্বমোট ৫৫ হাজার ২৪৬ কিলোমিটার বিতরণ লাইন এবং ৬৮৭ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করা হয়।
- (০৬) ২০১৭-১৮ অর্থ-বছরে ২,৮১৭ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে।